

সঞ্চয় ও বিনিয়োগ

সাময়িক হিসাব অনুযায়ী বর্তমান অর্থবছরে দেশজ ও জাতীয় সঞ্চয় যথাক্রমে ১৮.২৩ এবং ২৩.৭৪ শতাংশে দাঁড়াতে বলে প্রক্ষেপণ করা হয়েছে। সঞ্চয়ের এ হার ক্রমবর্ধিষ্ণু। ১৯৯১-৯২ অর্থবছরে এ হার ছিল ১৩.৮৬ এবং ১৯.৩০ শতাংশ। সাময়িক প্রাক্কলন অনুযায়ী ২০০২-০৩ অর্থ বছরে বিনিয়োগের হার ২৩.২২ শতাংশ। এর মধ্যে সরকারি ও বেসরকারি খাতের অবদান হবে যথাক্রমে ৬.৭২ এবং ১৬.৪৯ শতাংশ। জাতীয় বিনিয়োগের হারেও গত একদশকে ক্রমাগত বৃদ্ধির প্রবণতা পরিলক্ষিত হয়েছে।